

কেন এলি রে, ভালোবাসিলি, ভালোবাসা পেলি নে ।
 কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলি নে ॥
 সংসার কঠিন বড়ো— কারেও সে ডাকে না,
 কারেও সে ধরে রাখে না ।
 যে থাকে সে থাকে, আর যে যায় সে যায়—
 কারো তরে ফিরেও না চায় ॥
 হয় হয়, এ সংসারে যদি না পুরিল
 আজন্মের প্রাণের বাসনা,
 চলে যাও ম্লান মুখে, ধীরে ধীরে ফিরে যাও—
 থেকে যেতে কেহ বলিবে না ।
 তোমার ব্যথা তোমার অশ্রু তুমি নিয়ে যাবে—
 আর তো কেহ অশ্রু ফেলিবে না ॥

Parjaay: Mayar-Khela, Taal: Jhaptaal, Raag: Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail